গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৫
www.lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.১২৯.০৬.০০১.২৩.১২১২

তারিখ : ২২ কার্তিক ১৪৩১ / ০৭ নভেম্বর ২০২৪

জনাব কামরুল হাসান
সিনিয়র সহকারী সচিব
আইন ও বিচার বিভাগ।

**বিষয় : আজিমপুর জাজেস কোয়ার্টার এর ৯০টি ফ্ল্যাট সম্বলিত বহুতল আবাসিক ভবনে বাসা বরাদ্দ প্রদান।**

জনাব,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আজিমপুর জাজেস কোয়ার্টার এর ৯০টি ফ্ল্যাট সম্বলিত বহুতল আবাসিক ভবনের **১৪-ই** নম্বর বাসাটি আপনার অনুকূলে নিম্নবর্ণিত শর্তে খালি সাপেক্ষে সাময়িকভাবে বরাদ্দ প্রদান করা হলো।

১) এ বরাদ্দ দ্বারা বাসার উপর আপনার কোনো স্বত্বজনিত অধিকার বর্তাবে না। আপনি পরবর্তী আদেশ জারী না হওয়া পর্যন্ত বাসাটিতে বসবাস করতে পারবেন। আপনার বরাবর বরাদ্দপত্র জারী হওয়া বা দখল গ্রহণের তারিখ হতে ১০ (দশ) দিনের মধ্যে এ শাখা-কে অবহিত করতে হবে।

২) এ বরাদ্দ পত্র জারী হওয়ার দিন হতে অথবা বাসাটি আপনার দখল গ্রহণের দিন হতে আপনার নামে বাসাভাড়া ও অন্যান্য দাবী-দাওয়ার হিসাব শুরু হবে। এই সমস্ত দাবী-দাওয়া আপনার অফিস মারফত বা হিসাবরক্ষণ অফিসের মাধ্যমে প্রতি মাসে আপনার বেতন হতে কর্তন করতে হবে। আপনি প্রাসঙ্গিক সকল দাবী-দাওয়া নিয়মিতভাবে পরিশোধ করবেন, যেনো কখনও কোনো বকেয়া না থাকে। আপনার অন্যত্র বদলী কিংবা চাকরী হতে অবসর গ্রহণ ইত্যাদি বাবদ বাসা হস্তান্তরের সময় যাবতীয় পাওনাদি পরিশোধপূর্বক আইন ও বিচার বিভাগ থেকে **না-দাবি সনদ বা ছাড়পত্র** গ্রহণ করতে হবে।

৩) বরাদ্দপ্রাপ্ত বাসস্থানে আপনার অবস্থানকালীন সময়ে বিদ্যুৎ/গ্যাস বিল বকেয়া থাকার তথ্য প্রমাণিত হলে বরাদ্দ বাতিল করা হবে।বাসা দখল গ্রহণের মাসের ভাড়া কর্তন ও বিদ্যুৎ বিল পরিশোধের কপি অতিস্বত্বর এ শাখা বরাবর প্রেরণ করতে হবে।

৪) উপরোক্ত শর্তাবলী ছাড়াও সরকারী আবাসন সংশ্লিষ্ট বিধিসমূহ এক্ষেত্রে প্রযোজ্য হবে।

৫) কর্তৃপক্ষ উপযুক্ত কারণে প্রদত্ত বরাদ্দ বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

৬) এ বরাদ্দপত্রটি দখল গ্রহণের তারিখ হতে কার্যকর হবে।

০৭/১১/২০২৪
(মোঃ আব্দুল্লাহ-আল-মাসুম)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)
ফোন : ২২৩৩৫৭৪২০

**কার্যার্থে ও সদয় অবগতির জন্যে প্রেরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১। জনাব তাহমিনা হক, জেলা লিগ্যাল এইড অফিস, মুন্সীগঞ্জ (বাসাটির দখল গণপূর্ত বিভাগ বরাবর হস্তান্তরের অনুরোধসহ)।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৩। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রনালয় ।
৪। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, মুন্সীগঞ্জ।
৬। নির্বাহী প্রকৌশলী, আজিমপুর গণপূর্ত বিভাগ, নিউমার্কেট, ঢাকা (দখল প্রদানপূর্বক রিপোর্ট প্রদানের অনুরোধসহ)।
৭। অফিস কপি।

---

**দখলের রিপোর্ট**

বাসা নম্বর **১৪-ই** (বহুতল ভবন) যা এ শাখার স্মারক নম্বর :১০.০০.০০০০.১২৯.০৬.০০১.২৩.১২১২ , তারিখ ০৭/১১/২০২৪ দ্বারা বরাদ্দ হয়েছে, ............................................................................................ তারিখে বুঝিয়ে দেয়া হয়েছে।

কর্তৃপক্ষ/গণপূর্ত বিভাগ

আজিমপুর জাজেস কোয়ার্টার